

### অঙ্গ কবিতা

একটি রচনার শেষে কবিতার  
অক্ষরে পুড়ে যাই। তাকাই কাগজের নিচে  
আগুনের তাপ বুঝে  
গলে যায় খ্যাতি, মোহ ও বিপন্নতা।  
পাঠক কি বোঝে!  
কবির শরীরে যে ঢেউ ভাঙে  
তার স্বাদ বহন করে  
ছাপাখানা, সংসার ও ফেরা ট্রেন.....  
প্রতিদিন দাহ অক্ষরের ভেতর  
কবিতার ধ্বংসস্তূপ খুঁজে বার করি  
যদি তার জীবন বাঁচিয়ে রাখা যায়  
আবহমান কাল।

মানস কুমার চিনি

